NOV. 21 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

## কৃষি শিক্ষকদের বেতন স্কেল

কৃষিপ্রধান বাংলাদেশে কৃষি শিক্ষার বিকল্প নেই। অথচ কৃষি শিক্ষা আজ অবহেলিত। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করা কৃষিবিদরা দেশের বিভিন্ন সংস্থায় প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে নিয়োগ পেয়ে আসছেন। তবে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত কৃষিবিদরা ন্যূনতম বেতন স্কেল পাচ্ছেন না। ১৯৯৫ সাল থেকে কৃষিশিক্ষা বাধ্যতামূলক করা হয়, কিন্তু বর্তমানে চতুর্থ বিষয় করা হয়েছে যা মোটেই কাম্য নয়। কৃষিবিদরা দেশের সবুজ সৈনিক। কৃষিশিক্ষার প্রভাষক হিসেবে কৃষি বিদদের গুরুত্ব অপরিসীম। তাই মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত কৃষিবিদদের মানসিক অবস্থা, মর্যাদা ও অধিকার রক্ষার লক্ষ্যে প্রাপ্য বেতন স্কেল প্রদানের জন্যে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ হায়দার আলী,
ঠাকুরগাঁও জেলা স্কুল,
ঠাকুরগাঁও।